দৈনিক ইনকিলাব
তারিখ 14 MAY 1989
পৃষ্ঠা ৫ কলাম ২

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

25

# পিরোজপুরের ৩টি সরকারী কলেজে লেখাপড়া ব্যাহত

পিরোজপুর, ১৩ মে (সংবাদদাতা)।— পিরোজপুরের ৩টি সরকারী কলেজে শিক্ষক স্বল্পতার কারণে লেখাপড়া ব্যাহত হয়ে পরেছে। এর ফলে প্রায় আড়াই সহস্রাধিক শিক্ষানুরাগী শিক্ষার সুষ্ঠু পরিবেশ থেকে বঞ্চিত হচ্ছে। এসব কলেজের মধ্যে রয়েছে পিরোজপুর সরকারী কলেজ, সরকারী মহিলা কলেজ ও মঠবাড়ীয়া সরকারী কলেজ। এর মধ্যে পিরোজপুর সরকারী কলেজে ৬৪ জন শিক্ষকের পদ থাকলেও রেয়েছে মাত্র ৩৭ জন, পিরোজপুর মহিলা কলেজে ২০ জন শিক্ষকের পদ থাকলেও রয়েছে ৭ জন এবং মঠবাড়িয়া সরকারী কলেজে ২২টি শিক্ষকের পদ থাকলেও রয়েছে মাত্র ২০ জন শিক্ষক।

পিরোজপুর জেলার অন্যান্য সরকারী ও বেসরকারী কলেজেও এমনি অবস্থা বিরাজ করছে। এ জেলায় শিক্ষাঙ্গনের শিক্ষক সংকট নতুন কথা নয়। গত বছরে একমাত্র পিরোজপুর সরকারী কলেজে শিক্ষক স্বল্পতার অভাবে কলেজের 'এফিলিয়েসন' বাতিল করা হয়েছিল। বর্তমানে সে দুর্যোগ কিছুটা লাঘব হলেও সরকারী মহিলা কলেজ তার থেকে রক্ষা না পাবার আশংকাই রয়েছে।

বর্তমানে পিরোজপুর সরকারী মহিলা কলেজে শিক্ষকের স্বল্পতা ও ঘূর্ণিঝড়ে কলেজটি বিধ্বস্ত হয়ে যাবার পরে নিয়মিত ক্লাস হয়নি। মহিলা কলেজের প্রায় ৩ শতাধিক ছাত্রী বিগত ২ মাস ধরে শিক্ষক নিয়োগ ও ঘর মেরামতের আহবান জানিয়ে অনির্দিষ্টকালের জন্য ধর্মঘট পালন করছে।